

হাঁঙ্গর মৎস্য সম্পদ সংরক্ষণ ব্যবস্থাপনা

হাঁঙ্গর বা কামট এক ধরণের সামুদ্রিক মাছ। এরা বিভিন্ন মাছের ডিম, পোনা, ছোট আকৃতির মাছ ও চিংড়ি খেয়ে সমুদ্রে বড় আকৃতির মাছ তৈরীতে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করে এবং সামুদ্রিক পরিবেশের জীববৈচিত্র্যের ভারসাম্য বজায় রাখে।

বাংলাদেশের পটুয়াখালী জেলার কুয়াকাটা, সোনাইর চর, রূপার চর, ফাতরার চর, চর গঙ্গামতি; বরগুনা জেলার আশার চর, পাথরঘাটা এবং সুন্দরবনের উপকূলীয় এলাকা ও দুবলার চর হতে হাঁঙ্গর ধরা হয়। কক্সবাজার জেলার সন্দীপ, কুতুবদিয়া, মহেশখালী, টেকনাফ, সেন্ট মার্টিন দ্বীপ এবং চট্টগ্রামের উপকূলীয় এলাকা হতে হাঁঙ্গর ধরা হয়।



হাঁঙ্গর/কামট (sharks)

পীতাম্বরী (skates)

করাতী (saw fishes)

শাপলা পাতা (sting rays)

বাদুরী (devil rays)

- হাঁঙ্গর অনেক বেশী বয়সে (কোন কোন প্রজাতি ১২-২০ বছর বয়সে) পরিপক্বতা লাভ করে ও প্রজননে সক্ষম হয়
- তাদের বাচ্চার সংখ্যাও বেশী হয় না ও প্রতি বছর বাচ্চা উৎপাদন করতে পারে না
- আমাদের বঙ্গোপসাগরে হাঁঙ্গরের আহরণ কমতির দিকে যাচ্ছে ও ক্রমান্বয়ে আহরিত হাঁঙ্গরের আকৃতি ছোট থেকে ছোট হচ্ছে
- এমন ফাঁসের জাল ব্যবহার করতে হবে যাতে ছোট ছোট হাঁঙ্গর অনায়াসে বেড়িয়ে যেতে পারে
- কোন অবস্থাতেই পোয়াতি হাঁঙ্গর ধরা উচিত নয়
- কোন অবস্থাতেই জীবন্ত হাঁঙ্গরের কান-পাখনা কেটে তাকে সাগরে ফেলে দেওয়া যাবে না।



সাসটেইনেবল ম্যানেজমেন্ট অব দা বে অব বেঙ্গল
লার্জ মেরিন ইকোসিস্টেম (BOBLME) প্রকল্প
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ